“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।
www.cooparative.kotalipara.gopalganj.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.৩৫৫১.০০০.০৮.০১.৯১-৫৬৪ তারিখ: ০১/১০/২০২৩ খ্রি:

বিষয়: চিকিৎসাজনিত কারণে বহি: বাংলাদেশ ভারত ভ্রমণের মঞ্জুরিকৃত অর্জিত ছুটি ভোগের জন্য কর্মস্থল ত্যাগের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: অতিরিক্ত নিবন্ধক, সমবায় অধিদপ্তর ঢাকা, মহোদয়ের আদেশ নং ৪৭.৬১.০০০০.০০৪.০৮.০০৪.২৩-১৬১০ তারিখ : ১৯/০৭/২০২৩ খ্রি:

মহোদয়,

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আমার শারীরিক অসুস্থতার জন্য আবেদনের প্রেক্ষিতে আমাকে পত্রোল্লিখিত সূত্রস্থ পত্রে ১০ (দশ) দিনের বহি:বাংলাদেশ ভারত ভ্রমণের অনুমতিসহ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। কিন্তু বিগত ২০/০৮/২০২৩ খ্রি: তারিখে এইচ এস সি পরীক্ষার সময় ডিউটিরত অবস্থায় দুর্ঘটনাবশত সিড়ি থেকে পড়ে পা মচকে যাওয়ায় হাটতে না পারার কারনে এখন পর্যন্ত যেতে পারেনি। বর্তমানে আমার শারীরিক অবস্থার অবনতির কারনে চিকিৎসা করানো একান্ত প্রয়োজন। তাই আমি আগামী ০৫/১০/২০২৩ খ্রি: হতে ১৫/১০/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত চিকিৎসাজনিত কারণে অর্জিত ছুটি ভোগ করতে ইচ্ছুক। উল্লেখ্য যে, আমার অনুপস্থিতিতে এ কার্যালয়ে কর্মরত জনাব পার্থ দাস, সহকারী পরিদর্শক, কোটালীপাড়া, গোপালগঞ্জ আর্থিক কার্যক্রম ব্যতীত সকল প্রকার দায়িত্ব পালন করবেন।

অতএব মহোদয় সমীপে বিনীত প্রার্থনা, আমার চিকিৎসার জন্য উক্ত মঞ্জুরীকৃত ১০ (দশ) দিনের অর্জিত ছুটি ভোগের জন্য কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদানে আপনার সদয় মর্জি হয়।

সংযুক্ত: বহি: বাংলাদেশ ছুটি মঞ্জুরের আদেশের অনুলিপি।

বিনীত
০১.১০.২৩
(সুমনা বিশ্বাস)
উপজেলা সমবায় অফিসার
কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০২-৪৭৮৮২২৯৬৫
ucokotalipara7@gmail.com

তারিখ: ০১/১০/২০২৩ খ্রি:

প্রাপক,
জেলা সমবায় অফিসার
গোপালগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৩। দপ্তর নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
প্রশাসন
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৮.০০৪.২৩.১৬১০

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

জনাব সুমনা বিশ্বাস, উপজেলা সমবায় অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ-কে চিকিৎসাজনিত কারণে ২৪.০৭.২০২৩ তারিখ হতে ০২.০৮.২০২৩ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০ (দশ) দিন নিম্নোক্ত শর্তে বহি: বাংলাদেশ ভারত ভ্রমণের অনুমতিসহ অর্জিত ছুটি মঞ্জুর করা হলো এবং কোন ক্রমেই ছুটির মেয়াদ বর্ধিত করা যাবে না:

ক) উক্ত ছুটি ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) (ii) ধারা মোতাবেক পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি হিসেবে গণ্য হবে ;
খ) এই ভ্রমণে সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই ;
গ) বহিঃ বাংলাদেশ ছুটিকালীন সময়ে তিনি দেশীয় মুদ্রায় বেতন ভাতাদি পাবেন ;
ঘ) ছুটি ভোগের পর নিজ দপ্তরে যোগদান পত্র দাখিল করে অত্র দপ্তরে যোগদান পত্রের অনুলিপি দাখিল করতে হবে।

নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৯-০৭-২০২৩
মোহাম্মদ হাফিজুল হায়দার চৌধুরী
অতিরিক্ত নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব)
০২৪৮১১৯১৫১
addl.admin@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৮.০০৪.২৩.১৬১০/১ (১১)

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। হাইকমিশনার, ভারতীয় হাইকমিশন, বাড়ী নং-২, সড়ক নং- ১৪, গুলশান-১, ঢাকা-১২১২;
৩। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর , বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা;
৪। উপ-নিবন্ধক, এমআইএস, সমবায় অধিদপ্তর, ঢাকা (তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহির্গমন), হযরত শাহজালাল (রঃ), আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা;
৬। অফিসার ইনচার্জ, বেনাপোল ইমিগ্রেশন চেকপোস্ট, বেনাপোল স্থলবন্দর, শার্শা, যশোর;
৭। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, গোপালগঞ্জ;
৮। উপজেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
৯। উপজেলা সমবায় অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ;

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
গোপালগঞ্জ
cooparative.gopalganj.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

নম্বর: ৪৭.৬১.৩৫০০.০০০.১৮.০০৭.২৩.৯৮৭

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**জনাব সুমনা বিশ্বাস, উপজেলা সমবায় অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জকে বহিঃবাংলাদেশ ছুটিভোগের নিমিত্ত দায়িত্বভার হতে অব্যাহতি প্রদানের**

**অফিস আদেশ**

অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা এর ১৯.০৭.২০২৩ খ্রিষ্টাব্দের ৪৭.৬১.০০০০.০০৪.০৮.০০৪.২৩.১৬১০ নম্বর আদেশমূলে জনাব সুমনা বিশ্বাস, উপজেলা সমবায় অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জকে চিকিৎসাজনিত কারণে ২৪.০৭.২০২৩ খ্রিস্টাব্দ হতে ০২.০৮.২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০ (দশ) দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়েছে। আবেদনকারী তাঁর কার্যালয়ের স্মারক নম্বর: ৪৭.৬১.৩৫৫১.০০০.০৮.০১.৯১-৫৬৪; তারিখ: ০১.১০.২০২৩ খ্রিস্টাব্দ মূলে উক্ত অনুমোদিত ছুটি ০৫.১০.২০২৩ খ্রিস্টাব্দ হতে ভোগ করার আবেদন করায় তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁকে চিকিৎসাজনিত কারণে ০৫.১০.২০২৩ তারিখ হতে ১৪.১০.২০২৩ তারিখ পর্যন্ত মোট ১০(দশ) দিন বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি ভোগের নিমিত্ত উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ হতে অদ্য অব্যাহতি প্রদান করা হলো এবং তাঁকে দায়িত্বভার জনাব পার্থ দাস, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর সাথে (আর্থিক ক্ষমতা অর্পণ ব্যতীত) হস্তান্তর করতে বলা হলো। উল্লেখ্য, ছুটি ভোগ শেষে তিনি একই পদে, একই কার্যালয়ে যোগদান করে দায়িত্বভার গ্রহণ করবেন।

০৩-১০-২০২৩
মোঃ নবীউল ইসলাম
জেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ
০২৪৭৮৮২১৬৮৩
dco.gopalganj@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.৩৫০০.০০০.১৮.০০৭.২৩.৯৮৭/১ (৭)

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব পার্থ দাস, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
২। জনাব সুমনা বিশ্বাস, উপজেলা সমবায় অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
৩। অফিসার ইনচার্জ, বেনাপোল ইমিগ্রেশন চেকপোস্ট, বেনাপোল স্থলবন্দর, শার্শা, যশোর;
৪। উপজেলা নির্বাহী অফিসার,কোটালীপাড়া, গোপালগঞ্জ;
৫। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
৬। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা এবং
৭। অতিরিক্ত নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স অধিশাখা, সমবায় অধিদপ্তর।

০৩-১০-২০২৩
মোঃ নবীউল ইসলাম
জেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ